



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dsheets.gov.bd](http://www.dsheets.gov.bd)



### অফিস আদেশ

নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলাধীন তেলিগাতী ডিগ্রি কলেজের (জাতীয়করণকৃত) জনাব শিউলী দাস, ইনডেক্স- ৮৩১৭৩৩, প্রদর্শক (জীববিজ্ঞান) কে স্বপদে যোগদান করার অনুমতি ও বকেয়া বেতন ভাতা প্রাপ্তির জন্য আবেদন করেন। জনাব শিউলী দাস, ইনডেক্স- ৮৩১৭৩৩, প্রদর্শক (জীববিজ্ঞান) ০১/০৭/২০০১খ্রি। তারিখ প্রদর্শক পদে যোগদান করে অক্টোবর/২০০১ মাসে এমপিওভুক্ত হন। ২৬/০৮/২০১২খ্রি। তারিখ কলেজ থেকে ফেরার পথে সড়ক দূর্ঘটনায় মাথায় আঘাতগ্রাণ হয়ে মারাত্মকভাবে আহত হন। দীর্ঘদিন চিকিৎসা শেষে কলেজে যোগদান করেন। জখম বেশি হওয়ায় পুনরায় অসুস্থ হলে পুনরায় চিকিৎসা ছুটি নেন। ছুটি দীর্ঘায়িত হওয়ায় ১৪/১২/২০১৫খ্রি। তারিখ তাকে কারণ দর্শনো নোটিশ দেয়া হয়। পরবর্তীতে ২১/১২/২০১৫খ্রি। তারিখ কলেজে যোগদান করার অনুমতি চাইলে কলেজ কর্তৃপক্ষ যোগদানপত্র গ্রহণ করেননি।

পরবর্তীতে কলেজটি জাতীয়করণের লক্ষ্যে ৩০/০৭/২০১৬খ্রি। তারিখ পরিদর্শন করা হয়। পরিদর্শনের দিন উপস্থিত কর্মকর্তাগণ তার সাক্ষাত্কার নেন, প্রয়োজনীয় কাগজপত্র নেন এবং উপস্থিত পত্রে স্বাক্ষর নেন। বারবার কলেজে যোগদান করতে চাইলে কলেজ কর্তৃপক্ষ যোগদানের সুযোগ দেয় নাই এবং পরবর্তীতে তাঁকে বরখাস্ত করা হয়েছে মর্মে মৌখিকভাবে জানানো হয়। কিন্তু বরখাস্তকরণের কোন কপি জনাব শিউলী দাস, ইনডেক্স- ৮৩১৭৩৩, প্রদর্শক (জীববিজ্ঞান) পাননি। সে প্রেক্ষিতে সাময়িক বরখাস্ত হতে অব্যাহতি দিয়ে স্বপদে দায়িত্ব পালনের অনুমতি ও বকেয়া বেতন ভাতা প্রদানের জন্য আবেদন করেন। সে প্রেক্ষিতে বর্ণিত অভিযোগের বিষয়ে মতামত প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে অধ্যক্ষকে পত্র দেয়া হয়। অধ্যক্ষ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জবাব প্রেরণ করেন।

**অধ্যক্ষের জবাব:** জনাব শিউলী দাস, প্রদর্শক, জীববিজ্ঞান, ইনডেক্স- ৮৩১৭৩৩ গত ০১/০৭/২০০১খ্রি। তারিখ অত্র কলেজে প্রদর্শক (জীববিজ্ঞান) পদে যোগদান করে অক্টোবর/২০০১ মাসে এমপিওভুক্ত হন। তিনি চাকুরী চলাকালীন ০১/১০/২০১২খ্রি। তারিখ থেকে ৩০/০৯/২০১৩খ্রি। তারিখ পর্যন্ত ০১ (এক) বছর কর্তৃপক্ষের অনুমতিক্রমে বিনা বেতনে ছুটি ভোগ করার পর কলেজ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে দীর্ঘদিন অনুপস্থিত থাকেন। পরবর্তীতে বিনা অনুমতিতে কলেজে অনুপস্থিত থাকার প্রেক্ষিতে তাকে কারণ দর্শনো নোটিশ প্রদান করলে উত্তর সন্তোষজনক না হওয়ায় ০১/১০/২০১৩খ্রি। তারিখ হতে অব্যাহতি প্রদান করা হয় ও ১২/১১/২০১৬খ্রি। তারিখের ১১৪ নং সভায় ০৩ নং সিদ্ধান্ত অনুযায়ী তার চাকুরী থেকে অব্যাহতির অনুমোদন দেয়া হয় এবং তার সরকারি অংশের বেতন ভাতাদি ০১/১০/২০১২খ্রি। তারিখ থেকে বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)।

কলেজ কর্তৃপক্ষ জনাব শিউলী দাস, প্রদর্শক, জীববিজ্ঞান, ইনডেক্স- ৮৩১৭৩৩ কে চাকুরী হতে অব্যাহতি প্রদান করলেও অদ্যাবধি এমপিও হতে নাম কর্তৃ করেননি।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে জরুরী ভিত্তিতে সরেজমিন তদন্ত করে ০২ (দুই) প্রত্ব তদন্ত প্রতিবেদন প্রেরণ করার জন্য উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহকে নির্দেশক্রমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক টি.এ/ ডি.এ পাবেন।

**সংযুক্তি:** বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)

মহাপরিচালক

ফোন: ৯৫৫৩৫৪২

**উপপরিচালক (কলেজ-সেসিপ)**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ

স্বাক্ষর নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩৮.২০১৮/ ৮০৭/৩

তারিখ: ২৫/০৭/২০২০খ্রিস্টাব্দ  
১১/০৮/১৪২৭বঙ্গাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, তেলিগাতী ডিগ্রি কলেজ, আটপাড়া, নেত্রকোণা;
- ২। অধ্যক্ষ, তেলিগাতী ডিগ্রি কলেজ, আটপাড়া, নেত্রকোণা (তদন্ত কর্মকর্তাকে তদন্ত কাজে সহযোগিতার অনুরোধসহ)
- ৩। সংরক্ষণ নথি।

১১/০৮/১৪২৭বঙ্গাব্দ  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন নং-৯৫৫৩৬০৫৫৭  
Email-ncollege@dsheets.gov.bd